গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৩৮/২০১৯-২০২০

ঢাকা ৬ জানুয়ারি সোমবার ২০২০, ২২ পৌষ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জনগণের জন্য কাজ করুন : পুলিশের প্রতি রাষ্ট্রপতি
২। পুলিশকে আধুনিক বাহিনী হিসেবে গড়তে পদক্ষেপ নিয়েছে সরকার : পুলিশ সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৩। স্থানীয়দের অধিকার নিশ্চিত করে রোহিঙ্গাদের জন্য কাজ করতে হবে : কক্সবাজারে স্পিকার
৪। আন্দোলনে ব্যর্থ বিএনপি নির্বাচনেও পরাজিত হবে : সেতুমন্ত্রী
৫। পরিবারতন্ত্রের প্রধান পৃষ্ঠপোষক বিএনপি : তথ্যমন্ত্রী
৬। রোহিঙ্গা প্রত্যাবাসনে অস্ট্রেলিয়ার সহযোগিতা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী
৭। বাংলাদেশের কোনো জায়গা অনুন্নত থাকবে না : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী
৮। স্বাস্থ্য সহায়তায় বঙ্গবন্ধু কর্নার হেল্প সেন্টার চালু করা হবে : স্বাস্থ্যমন্ত্রী
৯। নির্ধারিত খরচে কর্মী প্রেরণ ছাড়া মালয়েশিয়ার বাজার খুলতে চান না প্রবাসী কল্যাণমন্ত্রী
১০। চালু হলো ঢাকা-ম্যানচেস্টার ফ্লাইট : উদ্বোধন করলেন পর্যটন প্রতিমন্ত্রী
১১। সরকারি কর্মচারীদের জনকল্যাণে কাজ করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী
১২। সরকার শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বেশি গুরুত্ব দিচ্ছে : শিক্ষা উপমন্ত্রী
১৩। এ বছর হজে যাচ্ছেন ১ লাখ ৩৭ হাজার ১৯৮ বাংলাদেশি : ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকের তথ্য

চলমান পাতা-২

১। **জনগণের জন্য কাজ করুন : পুলিশের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, পুলিশ জনগণের। তাই পুলিশকে জনগণের জন্যই কাজ করতে হবে, যাতে মানুষ পুলিশকে বন্ধু ভাবতে পারে। রাষ্ট্রপতি গতকাল (৫ জানুয়ারি রোববার) পুলিশ সপ্তাহ-২০২০ উপলক্ষে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্স মিলনায়তনে এক অনুষ্ঠানে এসব কথা বলেন। রাষ্ট্রপতি মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার চেতনা নিয়ে আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালনের জন্য পুলিশ সদস্যদের পরামর্শ দেন। মানুষ পুলিশের কাছে যায় তাদের সহায়তা চাইতে উল্লেখ করে তিনি বলেন, হয়রানি ছাড়াই জনগণের সেবা নিশ্চিত করুন এবং সেবাপ্রত্যাশীদের জন্য তাদের প্রত্যাশিত প্রতিকারের ব্যবস্থা করুন। তাহলেই মানুষ **সমকাল** (পৃ.২,ক.৫)। পুলিশকে তাদের বন্ধু ভাবতে পারবে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬)।

২। **পুলিশকে আধুনিক বাহিনী হিসেবে গড়তে পদক্ষেপ নিয়েছে সরকার : পুলিশ সপ্তাহের উদ্বোধন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জনগণের কাঙ্ক্ষিত সেবা নিশ্চিত করার জন্য বাংলাদেশ পুলিশকে আধুনিক এবং জনবান্ধব হিসেবে গড়ে তুলতে তাঁর সরকার বিভিন্ন সময়োপযোগী পদক্ষেপ গ্রহণ করেছে। গতকাল (৫ জানুয়ারি রোববার) রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন প্যারেড গ্রাউন্ডে 'পুলিশ সপ্তাহ-২০২০' উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি আরো বলেন, আইনশৃঙ্খলা খাতে বরাদ্দকৃত অর্থকে আমরা মনে করি জনগণের কল্যাণে এক ধরনের বিনিয়োগ। প্রধানমন্ত্রী পুলিশ সপ্তাহ উপলক্ষে সারাদেশের বিভিন্ন পুলিশ ইউনিটের সদস্যদের প্যারেড পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। তিনি অনুষ্ঠানে **১১৮** জন পুলিশ সদস্যের মধ্যে বাংলাদেশ পুলিশ পদক ও পুলিশ পদক সেবা এবং রাষ্ট্রপতি পুলিশ পদক এবং রাষ্ট্রপতি পুলিশ পদক সেবায় ভূষিতদের মধ্যে পদক বিতরণ করেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৩। **স্থানীয়দের অধিকার নিশ্চিত করে রোহিঙ্গাদের জন্য কাজ করতে হবে : কক্সবাজারে স্পিকার**

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, রোহিঙ্গাদের আশ্রয় দিতে গিয়ে স্থানীয়রা চরমভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। রোহিঙ্গারা ফিরে না যাওয়া পর্যন্ত তাদের সে ক্ষতি কাটিয়ে উঠার কথা নয়। তাই আগে স্থানীয়দের অধিকার নিশ্চিত করে আশ্রিত রোহিঙ্গাদের জন্য কাজ করতে হবে। এজন্য সবার সহযোগিতা প্রয়োজন। গতকাল (৫ জানুয়ারি রোববার) কক্সবাজারে রোহিঙ্গা ক্যাম্প ব্যবস্থাপনা ও প্রত্যাবাসন সংশ্লিষ্ট সরকারি কর্তৃপক্ষের প্রধানদের সঙ্গে মতবিনিময়কালে স্পিকার এ কথা বলেন। তিনি বলেন, রোহিঙ্গা প্রত্যাবাসন নিশ্চিত করতে সরকার আন্তর্জাতিক মহলে কর্মপ্রয়াস অব্যাহত রেখেছে। তবে এটা দীর্ঘসূত্রতার বিষয়। আমরা আশা করছি বিশ্বকে সঙ্গে নিয়ে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের সম্মানজনক প্রত্যাবাসন নিশ্চিত সম্ভব হবে। সেভাবেই কাজ চলছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.১৪,ক.২)।

৪। **আন্দোলনে ব্যর্থ বিএনপি নির্বাচনেও পরাজিত হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি আন্দোলনে পরাজিত। এদেশে দেখা যায় যারা আন্দোলনে পরাজিত হয় তারা কোনো দিন নির্বাচনে বিজয়ী হয় না। এ বিষয়টি বিএনপি ভালো করেই জানে। এজন্য তারা কথামালার চাতুরি দিয়ে নির্বাচন হওয়ার আগেই নির্বাচন সম্পর্কে আগাম বিষোদগার করে সরকারি দলকে অভিযুক্ত করে যাচ্ছে। গতকাল (৫ জানুয়ারি রোববার) রাজধানীর রমনা পার্ক রেস্তোরাঁ প্রাঙ্গণে আওয়ামী লীগের **২১**তম জাতীয় সম্মেলনের শুরুতে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৫। **পরিবারতন্ত্রের প্রধান পৃষ্ঠপোষক বিএনপি : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বিএনপি হচ্ছে রাজনীতিতে পরিবারতন্ত্রের প্রধান পৃষ্ঠপোষক। মির্জা ফখরুল ইসলাম আলমগীর বিএনপি'র পরিবারতন্ত্রের মধ্যে বসে তিনি যে কথাটি বলেছেন, সেটি তার ক্ষেত্রে প্রযোজ্য, তার দলের বেলায় প্রযোজ্য। গতকাল (৫ জানুয়ারি রোববার) সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** ( পৃ.১,ক.৩)।

**৬।	রোহিঙ্গা প্রত্যাবাসনে অস্ট্রেলিয়ার সহযোগিতা চাইলেন পররাষ্ট্রমন্ত্রী**

বাংলাদেশে আশ্রয় নেয়া রোহিঙ্গাদের মিয়ানমারে প্রত্যাবাসন প্রক্রিয়া তরান্বিত করতে অস্ট্রেলিয়ার সহযোগিতা চেয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৫ জানুয়ারি রোববার) পররাষ্ট্রমন্ত্রীর কার্যালয়ে বাংলাদেশে বিদায়ী অস্ট্রেলিয়ান হাইকমিশনার জুলিয়া নিবলেটের কাছে তিনি এ সহযোগিতা চান। পররাষ্ট্রমন্ত্রীর কার্যালয়ে পররাষ্ট্রমন্ত্রী মিয়ানমার থেকে জোরপূর্বক বাস্তুচ্যুত হয়ে বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের সহায়তা প্রদান করায় অস্ট্রেলিয়ার সরকারকে ধন্যবাদ জানান। বাংলাদেশে বড় ধরনের বিনিয়োগ, বাংলাদেশ থেকে অস্ট্রেলিয়ায় সরাসরি বিমান ও কার্গো পরিচালনা এবং বাংলাদেশের ডিপ্লোমা ডিগ্রি অনুমোদন দিতে তাঁর সরকারের সহযোগিতার জন্য বিদায়ী হাইকমিশনারকে অনুরোধ করেন। এ সময় পররাষ্ট্রমন্ত্রী অস্ট্রেলিয়ায় চলমান দাবানলে জীবন, সম্পদ ও পরিবেশের ব্যাপক ক্ষয়ক্ষতিতে উদ্বেগ প্রকাশ করেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।

**৭।	বাংলাদেশের কোনো জায়গা অনুন্নত থাকবে না : সুনামগঞ্জে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, শুধু পদ্মাসেতু নয়, ক্রমান্বয়ে আমরা আরো সেতু নির্মাণ করব। আমরা সুনামগঞ্জসহ বাংলাদেশের কোনো জায়গা অনুন্নত থাকতে দেব না। গতকাল (৫ জানুয়ারি রোববার) সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অনুমোদন উপলক্ষে সুনামগঞ্জ জেলা স্টেডিয়ামে আয়োজিত জনসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। মন্ত্রী বলেন, আমরা কর্ণফুলীর মোহনায় পানির নিচ দিয়ে ছয় কিলোমিটার লম্বা সুড়ঙ্গ নির্মাণ করছি। অর্ধেকের বেশি কাজ হয়ে গেছে। ভারতসহ প্রতিবেশী কোনো দেশ এ রকম সুড়ঙ্গের কাজে হাত দেয়নি। এছাড়া, আমরা পদ্মাসেতুর অর্ধেকের বেশি কাজ শেষ করেছি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.২)।

**৮।	স্বাস্থ্য সহায়তায় বঙ্গবন্ধু কর্নার হেল্প সেন্টার চালু করা হবে : স্বাস্থ্যমন্ত্রী**

বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী স্মরণীয় করে রাখতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় নানা কর্মসূচি গ্রহণ করেছে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। তিনি বলেন, গৃহীত উদ্যোগসমূহের মধ্যে রয়েছে দেশের গুরুত্বপূর্ণ সকল হাসপাতালে মানুষের স্বাস্থ্য ও তথ্য সহায়তা নিশ্চিত করতে আলাদা করে একটি বঙ্গবন্ধু কর্নার নামে হেল্প সেন্টার চালু করা হবে। পাশাপাশি দেশের সকল সরকারি ক্লিনিক, হাসপাতালে প্রায় ২০ হাজার গাছও লাগানো হবে। গতকাল (৫ জানুয়ারি রোববার) সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে আয়োজিত কর্মপরিকল্পনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.২), **ইনকিলাব** (পৃ.৮,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

**৯।	নির্ধারিত খরচে কর্মী প্রেরণ ছাড়া মালয়েশিয়ার বাজার খুলতে চান না প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী ইমরান আহমদ জানিয়েছেন, চলতি বছরে বিদেশে সাড়ে ৭ লাখ কর্মী পাঠানোর লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার। এ বছর আরো পাঁচ থেকে ছয়টি শ্রমবাজারও খুলবে। তবে নির্ধারিত খরচে কর্মীদের যাওয়া নিশ্চিত না হওয়া পর্যন্ত মালয়েশিয়ার শ্রমবাজার খোলার পক্ষে নন তিনি। নতুন করে কোনো সিন্ডিকেট যাতে গড়ে না ওঠে, সে বিষয়েও সতর্কতা অবলম্বন করা হচ্ছে বলে জানিয়েছেন। গতকাল (৫ জানুয়ারি রোববার) নতুন বছরে সরকারের শ্রমবাজার পরিকল্পনা নিয়ে মন্ত্রণালয়ের আয়োজিত এক সাংবাদিকসম্মেলনে তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**১০।	চালু হলো ঢাকা-ম্যানচেস্টার ফ্লাইট : উদ্বোধন করলেন পর্যটন প্রতিমন্ত্রী**

কোড শেয়ারিং করে খুব শীঘ্রই চালু করা সম্ভব হবে ঢাকা-নিউইয়র্ক রুটে বিমানের ফ্লাইট। তার আগে ম্যানচেস্টার থেকে টরেন্টোতে ফ্লাইট চালুর জোর প্রস্তুতি চলছে। এছাড়া জুয়াংঝু, চেন্নাই ও মুম্বাইয়ে চালু করা হবে বিমানের ফ্লাইট। গতকাল (৫ জানুয়ারি রোববার) ঢাকা-ম্যানচেস্টার ফ্লাইট উদ্বোধন অনুষ্ঠানে এ তথ্য প্রকাশ করেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী অ্যাডভোকেট মাহবুব আলী। এ সময় তিনি বলেন, বিমানে আগামী চার মাসের মধ্যে কানাডার বোম্বারডিয়ার কোম্পানির আরও ৩টি ড্যাশ-৮ উড়োজাহাজ যোগ হবে। এছাড়া আরও দুটো ড্যাশ-৮ কম দামে বিক্রি করার লিখিত প্রস্তাব দিয়েছে বোম্বারডিয়ার। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.৪)।

**১১। সরকারি কর্মচারীদের জনকল্যাণে কাজ করতে হবে : জনপ্রশাসন প্রতিমন্ত্রী**

সরকারি কর্মচারীদের জনসাধারণের কল্যাণে কাজ করার আহ্বান জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। তিনি বলেছেন, সরকারি কর্মচারীদের মূল দায়িত্ব জনগণের সেবা করা। তাই তাদের জনসাধারণের চাহিদা ভালোভাবে বুঝতে হবে এবং সে অনুযায়ী সেবা দিতে হবে। গতকাল (৫ জানুয়ারি রোববার) বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে আইন ও প্রশাসন কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইনকিলাব** (পৃ.৮,ক.৫), **নিউ নেশন** ( পৃ.৩,ক.৪)।

**১২। সরকার শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বেশি গুরুত্ব দিচ্ছে : শিক্ষা উপমন্ত্রী**

শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী নওফেল বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সরকার শিক্ষা ও স্বাস্থ্য ক্ষেত্রে বেশি গুরুত্ব দিচ্ছে। তাছাড়া যে কোনো বিষয়ে দক্ষতারও গুরুত্ব দেওয়া হচ্ছে। কারণ শিক্ষা অর্জন করার পাশাপাশি যদি স্বাস্থ্য ভালো না থাকে ও কোনো বিষয়ে যদি দক্ষতা না থাকে তাহলে অভীষ্ট লক্ষ্যে পৌঁছা কষ্টকর। গতকাল (৫ জানুয়ারি রোববার) নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.১), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৪)।

**১৩। এ বছর হজে যাচ্ছেন ১ লাখ ৩৭ হাজার ১৯৮ বাংলাদেশি :**
**ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকের তথ্য**

চলতি বছর বাংলাদেশ থেকে সরকারি ব্যবস্থাপনায় হজে যাচ্ছেন **১৭** হাজার **১৯৮** জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় এক লাখ ২০ হাজার জন। সব মিলিয়ে ২০২০ সালে বাংলাদেশ থেকে **১** লাখ **৩৭** হাজার **১৯৮** জন হজে যাচ্ছেন বলে জানিয়েছে ধর্ম মন্ত্রণালয়। গতকাল (৫ জানুয়ারি রোববার) সংসদ ভবনে অনুষ্ঠিত ধর্ম মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির বৈঠকে মন্ত্রণালয়ের পক্ষ থেকে এ তথ্য জানানো হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮),**ভোরের কাগজ** (পৃ.৩,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, বণিক বার্তা :** ভূমি ব্যবহার নিয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ প্ল্যানার্সের একটি গবেষণায় রাজধানীর মোট ভূমির মাত্র ৪ দশমিক ৬১ শতাংশ এখন খোলা জায়গা হিসেবে টিকে রয়েছে উল্লেখ করে শহরের চারপাশে সবুজ বেষ্টনী তৈরি করে জলাশয়গুলি সংরক্ষণ ও দখলকৃত জলাশয় পুনরুদ্ধারের ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর :** দেশীয় শিল্পকে উৎসাহিত করা ও কর্মসংস্থান তৈরিতে ভূমিকা রাখার বিবেচনায় বন্ডের কাপড়সহ যেকোনো চোরাকারবার , অনিয়ম-দুর্নীতির বিরুদ্ধে সোচ্চার হওয়ার আহ্বান।

গ. **ইনকিলাব :** দেশে সড়ক দুর্ঘটনা ও মৃত্যুর হার বাড়ছে উল্লেখ করে সড়ক দুর্ঘটনা কমাতে আইনের সঠিক প্রয়োগ ও পথচারীদের সচেতন হওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যায়যায়দিন :** খেলাপি ঋণ বাড়ার পরিমাণ কিছুতেই নিয়ন্ত্রণ করা যাচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **সংবাদ :** নতুন শিক্ষাবর্ষে শিক্ষার্থীদের কোচিং সেন্টারের দিকে আকৃষ্ট করতে সারাদেশে বেপরোয়া প্রচারণা চালাচ্ছে কোচিং সেন্টারগুলো উল্লেখ করে কোচিং বাণিজ্য বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** কুয়াকাটা সমুদ্র সৈকতের সৌন্দর্য্য রক্ষায় পরিচ্ছন্ন রাখার ওপর গুরুত্বারোপ।

ছ. **অবজারভার :** দেশে প্রতিবছর ৮৭০০০ টন প্লাস্টিক বর্জ্য ফেলা হয় এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে পরিবেশের জন্য ক্ষতিকর সব ধরনের প্লাস্টিকের ব্যবহার বন্ধ করার সুপারিশ।

**নিবন্ধ ও ফিচার**

**যুগান্তর** পত্রিকায় প্রকাশিত **'দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে গবেষণা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষকদের গবেষণার মানোন্নয়নে শুধু নীতিমালা প্রণয়ন করাই যথেষ্ট নয়, এর পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের গবেষণা খাতে সরকারি-বেসরকারি বরাদ্দও বাড়াতে হবে এবং ভালো কাজগুলোকে উৎসাহিত করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০২০/৯.০০ঘন্টা